৬১ বছরের পদমর্যাদা ও গ্রেড অবনমনের প্রতিবাদে মেহেরপুরে বিএডিসির অবস্থান কর্মসূচি

বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের (বিএডিসি) কর্মকর্তা- কর্মচারীদের দীর্ঘদিনের বিদ্যমান পদমর্যাদা ও গ্রেড অবনমন করে বেতন স্কেল ভেটিংয়ের উদ্যোগের প্রতিবাদে মেহেরপুরে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে।

বুধবার (২ সেপ্টেম্বর) সকাল ৯ টা থেকে দুপুর ১২ ঘটিকা পর্যন্ত কর্মবিরতি এবং সকাল ১১ থেকে দুপুর ১২ টা পর্যন্ত অবস্থান কর্মসূচি মেহেরপুর বিএডিসি কার্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচি পালন করেন কর্মকর্তা-কর্মচারীরা।

বিএডিসির সবজি বীজ বিভাগের উপপরিচালক মো. হাফিজুল ইসলামের সভাপতিত্বে কর্মসূচিতে বক্তব্য দেন সবজি বীজ খামার, আমঝুপির উপপরিচালক গোলক নাথ (বণিক), বিএডিসি খামার বারাদীর উপপরিচালক মো. হাফিজুল ইসলাম, বীজ প্রক্রিয়াকরণ বিভাগের উপপরিচালক মো. মিনহাজ উদ্দিন আহমেদ (চৌধুরী), আলুবীজ বিভাগের উপপরিচালক মির্জা সাদিকুল ইসলাম, উপপরিচালক মোহাম্মদ জিয়াউর রহমান এবং পরিচালক (ডাল ও তৈলবীজ খামার), আমঝুপি মো. ইকবাল হোসেনসহ কর্মকর্তা- কর্মচারীরা।

বক্তারা বলেন, ১৯৬১ সালে প্রতিষ্ঠার পর থেকেই বিএডিসি দেশের কৃষকদের বীজ, সার ও সেচসেবা সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠাকালে সংস্থাটিতে প্রায় ২৫ হাজার জনবল থাকলেও ১৯৯৮ সালে জনপ্রশাসন মন্ত্রণালয় ৬ হাজার ৮০০ জনবলের কাঠামো অনুমোদন করে। বর্তমানে অনুমোদিত জনবলের বিপরীতে প্রায় ৩ হাজার ১০০ কর্মকর্তা-কর্মচারী কর্মরত রয়েছেন। সীমিত জনবল দিয়ে সারাদেশে কৃষকদের কাছে বীজ, সার ও সেচসেবা পৌঁছে দিতে হিমশিম খেতে হচ্ছে।

তারা আরও বলেন, দীর্ঘদিন ধরে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম নিয়মিত না হওয়ায় কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে হতাশা ও অসন্তোষ তৈরি হয়েছে। এ পরিস্থিতিতে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম নিয়মিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট পদগুলোর গ্রেডভিত্তিক বেতন স্কেল ভেটিং অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়।

কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ, গত ৩১ আগস্ট বিদ্যমান বিভিন্ন পদের গ্রেড অবনমন করে ভেটিংয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। একই সঙ্গে বিএডিসির সদস্য পরিচালক পদগুলোর মধ্যে চারটি পদ সংস্থার নিজস্ব কর্মকর্তাদের মধ্য থেকে পূরণের পরিবর্তে বাইরে থেকে অথবা মন্ত্রণালয় থেকে পূরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এতে কর্মকর্তা- কর্মচারীদের মধ্যে বিদ্যমান পদমর্যাদা ও সুযোগ-সুবিধা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

কর্মসূচিতে বক্তারা বলেন, চলতি আমন মৌসুমে কৃষকদের বীজ, সার ও সেচসেবা স্বাভাবিক রাখতে বিএডিসির কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই বেতন স্কেল ভেটিংয়ের ক্ষেত্রে যে অসংগতি তৈরি হয়েছে, তা দ্রুত নিরসন করা প্রয়োজন। তারা অবিলম্বে বৈষম্যমূলক ভেটিং আদেশ প্রত্যাহার করে বিদ্যমান পদমর্যাদা ও গ্রেড বহাল রাখার দাবি জানান।

কর্মবিরতি ও অবস্থান কর্মসূচিতে বিএডিসির কৃষি, সার, সেচ, অর্থ ও প্রশাসনসহ বিভিন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। একই দাবিতে সারাদেশের বিএডিসি কার্যালয়েও কর্মসূচি পালিত হচ্ছে বলে জানান সংশ্লিষ্টরা।

মেহেরপুরে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৪টায় মেহেরপুর জেলা পরিষদের সামনে থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বড় বাজারে গিয়ে শেষ হয়।

র্যালিতে জেলা, উপজেলা, পৌর ও ইউনিয়ন পর্যায়ের বিএনপির বিপুলসংখ্যক নেতাকর্মী অংশগ্রহণ করেন। এ সময় নেতাকর্মীদের বিভিন্ন স্লোগানে মুখরিত হয়ে ওঠে শহরের প্রধান সড়কগুলো।

র্যালির আগে সংক্ষিপ্ত বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, ‘আপনাদের লড়াই-সংগ্রামের মধ্য দিয়ে অন্যায়ের বিরুদ্ধে ন্যায় প্রতিষ্ঠিত হয়েছে। আজ আপনারা গণতান্ত্রিক বাংলাদেশে বসবাস করছেন। বিএনপির জন্য আজকের দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এই দিনেই দলটি প্রতিষ্ঠিত হয়েছিল।’

জননেতা তারেক রহমানের নেতৃত্বে দেশকে এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করে তিনি বলেন, বাংলাদেশের মানুষের বিএনপির প্রতি অনেক প্রত্যাশা রয়েছে এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় দেশের মানুষ বিএনপির ওপর আস্থা রাখে।

জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, ‘৪৮ বছর আগে বিএনপি প্রতিষ্ঠিত হয়েছিল এমন এক সময়ে, যখন দেশে বিচার ও আইনের শাসন ছিল না, মানুষের জীবনের নিরাপত্তা ছিল না। বর্তমানে বিএনপি বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় দল।’

তিনি বলেন, দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিএনপি কাজ করছে।

কৃষক কার্ড, ফ্যামিলি কার্ড, মসজিদের ইমাম-মুয়াজ্জিনদের বেতন এবং খাল খননসহ ৩১ দফার কর্মসূচি তারেক রহমানের নেতৃত্বে বাস্তবায়ন করা হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

র্যালিতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, রুমানা আহাম্মেদ, সদর উপজেলা বিএনপির সভাপতি ও পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক শাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিব, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা বিএনপির জাসাস সদস্যসচিব এ. বাকা বিল্লাহসহ বিএনপির বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

জেলা, উপজেলা, পৌর ও ইউনিয়ন পর্যায়ের বিপুলসংখ্যক নেতাকর্মীর অংশগ্রহণে র্যালিটি শহরে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

মেহেরপুরে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ কর্মসূচির আয়োজন করে মেহেরপুর জেলা বিএনপি।

আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে মেহেরপুর শহরের বোসপাড়া এলাকায় জেলা বিএনপির কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা ও বিএনপির দলীয় পতাকা উত্তোলন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পতাকা উত্তোলনের পর বৃষ্টির কারণে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও সাবেক পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য দেন সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, যুগ্ম সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সুজন, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান মাহবুব, জেলা জাসাসের আহ্বায়ক অধ্যাপক মাহফুজুর রহমান অশেষ, জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক কামরুজ্জামান বাবু, সদস্য সচিব সাইদুর রহমান, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সেপ্টেম্বর মাসজুড়ে নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। এর মধ্যে বৃক্ষরোপণ, মাছের পোনা অবমুক্তকরণ, ভৈরব নদ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মিছিল এবং সভা-সমাবেশের আয়োজন করা হয়েছে।

গাংনীর কাজিপুর ডিগ্রি কলেজের বাউবি পরীক্ষাকেন্দ্র বাতিল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) বিএ ও বিএসএস পরীক্ষা-২০২৫-এর ইংরেজি বিষয়ের পরীক্ষা চলাকালে প্রকাশ্যে নকলের অভিযোগ ওঠায় মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ডিগ্রি কলেজ পরীক্ষাকেন্দ্র বাতিল করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

একই ঘটনায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সাত শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি দায়িত্ব পালনে অবহেলা ও নকল প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার অভিযোগে গত ২৮ আগস্ট ওই কেন্দ্রে কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালনকারী সহকারী অধ্যাপক মো. হাবিবুর রহমান ও মো. রফিক-উজ-জামানকে বিএ ও বিএসএস পরীক্ষা-২০২৫-এর সকল কার্যক্রম থেকে আজীবনের জন্য অব্যাহতি দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (২৮ আগস্ট) ও শুক্রবার (২৯ আগস্ট) বিভিন্ন গণমাধ্যমে কাজিপুর ডিগ্রি কলেজ পরীক্ষাকেন্দ্রে প্রকাশ্যে নকলের অভিযোগসংক্রান্ত সংবাদ প্রকাশিত হলে বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়। এরপর তাৎক্ষণিকভাবে এসব সিদ্ধান্ত নেওয়া হয় বলে বাউবির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বাতিল হওয়া কাজিপুর ডিগ্রি কলেজের পরিবর্তে গাংনী মহিলা ডিগ্রি কলেজ, মেহেরপুরকে নতুন পরীক্ষাকেন্দ্র হিসেবে নির্ধারণ করা হয়েছে।

এ ঘটনায় তদন্তের জন্য বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমানকে আহ্বায়ক করে তিন সদস্যের একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে।

তদন্ত কমিটির প্রতিবেদন পাওয়ার পর ঘটনায় দায়ী ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি ও প্রচলিত আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

বাউবির উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নকল বা পরীক্ষায় কোনো ধরনের

অসদুপায়ের বিষয়ে ‘জিরো টলারেন্স’ নীতি অনুসরণ করে। একটি সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য পরীক্ষা ব্যবস্থা নিশ্চিত করা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ অগ্রাধিকার। পরীক্ষার স্বচ্ছতা ও মর্যাদা ক্ষুণ্ণ করার কোনো চেষ্টা বরদাশত করা হবে না।

তিনি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সব কর্মকর্তা-কর্মচারী, কেন্দ্র কর্তৃপক্ষ ও কক্ষ পরিদর্শকদের সর্বোচ্চ সতর্কতা, সততা ও দায়িত্বশীলতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশনা দেন।

এদিকে কর্তব্যরত সাংবাদিকদের ওপর হামলা ও প্রহারের ঘটনায় তীব্র নিন্দা ও গভীর সমবেদনা প্রকাশ করেছেন বাউবির উপাচার্য। একই সঙ্গে ঘটনায় আহত সাংবাদিকদের দ্রুত সুস্থতা কামনা করেন তিনি।

মেহেরপুরের কাঁচাবাজারে অনির্দিষ্টকালের ধর্মঘট

অতিরিক্ত খাজনা আদায়ের অভিযোগ তুলে কাঁচাবাজার, মুদি ব্যবসায়ী, মাছ ও মাংস ব্যবসায়ীরা আন্দোলনে নেমেছেন। অনির্দিষ্টকালের জন্য বাজার বন্ধ করে দিয়েছেন তারা।

ফলে সকাল থেকেই বড়বাজারের সব দোকানপাট বন্ধ রয়েছে। এতে বিপাকে পড়েছেন ক্রেতা ও কৃষকরা।

তহবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি হাফিজুর রহমান জানান, খাজনা জটিলতা নিরসনে জেলা প্রশাসন থেকে শুরু করে ঊর্ধ্বতন কর্মকর্তাদের দ্বারে দ্বারে ঘুরেছি। তারা কোনো সমাধান দেননি। পরে সংবাদ সম্মেলন করে সবাইকে জানানো হলেও কোনো কাজ হয়নি।

তিনি আরও অভিযোগ করে বলেন, ‘প্রতিটি পণ্যের ওপর তারা খাজনা নিতে চাচ্ছেন। ১০ থেকে ২০ গুণ বেশি হারে খাজনা নেওয়া হচ্ছে। এরই প্রতিবাদ করছি আমরা। আমরা এর সুষ্ঠু সমাধান চাই। সমাধান না হওয়া পর্যন্ত এ ধর্মঘট চলবে।’

এদিকে জেলার কৃষকরা তাদের উৎপাদিত পণ্য নিয়ে এ বাজারে আসেন।

রাজধানী ঢাকা, চট্টগ্রাম, বরিশাল, সিলেটসহ দেশের বিভিন্ন অঞ্চলের ব্যবসায়ীরা এখানে ভিড় জমান। তারা এসব পণ্য কিনে নিয়ে যান। বাজার বন্ধ থাকায় লোকসানের মুখে পড়বেন কৃষকরা।

তাদের উৎপাদিত সবজি বিক্রি করতে গিয়ে হিমশিম খেতে হবে। ফলে বড় ধরনের লোকসানের মুখে পড়তে পারেন তারা।

মেহেরপুর শহরের মল্লিকপাড়ার বাসিন্দা আনারুল ইসলাম বলেন, ‘কাঁচাবাজারটি নিত্যপণ্যের বাজার। প্রতিদিনই মানুষের প্রয়োজন হয়।

অথচ বাজারে এসে দেখছি সব দোকান বন্ধ। রান্নাবান্না করার জন্য সবজি কোথা থেকে কিনব? আর চাল, আটা, মুদিপণ্য না কিনতে পারলে বাসার কী অবস্থা হবে?’

ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, ‘এভাবে জিম্মি করে রাখা নয়, আমরা দ্রুত সমস্যার সমাধান চাই।’

কাঁচামালের আড়ত ব্যবসায়ী শফিক আহম্মেদ বলেন, ‘ন্যায্য দাবি আদায়ের জন্য আমাদের এ আন্দোলন। এভাবে বেশি বেশি করে খাজনা নিলে বাইরের ব্যবসায়ীরা বাজারে আসা বন্ধ করে দেবেন। ফলে ক্ষতির মুখে পড়বেন ব্যবসায়ী ও কৃষকরা।’

কৃষকরা তাদের উৎপাদিত সবজি বিক্রি করতে বাজারে এসেছেন। কিন্তু বাজার বন্ধ থাকায় তারা বিক্রি করতে পারছেন না। বিক্রি করতে না পারলে এসব সবজি পচে যাবে। কারণ প্রতিটি সবজিই পচনশীল। সমস্যা সমাধান করে দ্রুত বাজার চালু করার জন্য জেলা প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন তারা।

কুলবাড়িয়া গ্রামের সবজি ব্যবসায়ী লাবলু মোল্লা বলেন, ‘মাঠে উৎপাদিত সবজি বাজারে বিক্রি করতে এসেছি। অথচ বাজার বন্ধ।

প্রতিদিনের উৎপাদিত সবজি প্রতিদিন তুলে বিক্রি করতে না পারলে লোকসানে পড়তে হবে। এছাড়াও জমি থেকে প্রতিদিন সবজি তুলতে না পারলে উৎপাদন কমে যাবে।’

বাজারের ইজারাদার সাদাত হোসেন বুড়োর দাবি, ‘আমরা সরকার নির্ধারিত মূল্যের চেয়ে এক টাকাও বেশি নিচ্ছি না। বরং তিন দফায় পরিবর্তন করে খাজনা কমানো হয়েছে।’

ব্যবসায়ী নেতারা বলছেন, প্রতিদিন এ বাজারে ৭ থেকে ৮ কোটি টাকার কেনাবেচা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপ-প্রচার সম্পাদক হিরন আটক

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপ-প্রচার সম্পাদক মিজানুর রহমান হিরনকে আটক করেছে পুলিশ। পরে তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

শনিবার দিবাগত রাতে মেহেরপুর শহরের মালোপাড়ায় নিজ বাসভবন থেকে তাকে আটক করা হয়। রোববার বিকেলে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে তাকে আদালতে হাজির করা হলে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

পুলিশ সূত্রে জানা গেছে, জুলাই আন্দোলনকে কেন্দ্র করে দায়ের করা একটি মামলায় মিজানুর রহমান হিরনকে আসামি করা হয়েছে। ওই মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে সোপর্দ করা হয়। পরে আদালতের নির্দেশে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, মামলার পরবর্তী আইনগত কার্যক্রম চলমান রয়েছে।

আজ থেকে মেহেরপুর কাঁচাবাজার বন্ধ

সরকার নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত খাজনা আদায়ের প্রতিবাদে মেহেরপুর শহরের বড়বাজারের তহবাজার অনির্দিষ্টকালের জন্য বন্ধ

রাখার ঘোষণা দিয়েছেন ব্যবসায়ীরা।

গতকাল রোববার বিকেলে তহবাজারে ব্যবসায়ীদের উপস্থিতিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। এর আগে গত শুক্রবার সংবাদ সম্মেলনের মাধ্যমে ব্যবসায়ীরা রোববার পর্যন্ত সময়সীমা বেঁধে দিয়েছিলেন। নির্ধারিত সময়ের মধ্যে তাদের দাবি বাস্তবায়ন না হওয়ায় সোমবার সকাল থেকে কাঁচাবাজার বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সংবাদ সম্মেলনে তহবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি হাফিজুর রহমান বলেন, সম্প্রতি জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় খাজনা আদায়ের হার নির্ধারণ করে দেওয়া হয়। কিন্তু ইজারাদাররা সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত খাজনা আদায় করছেন।

তিনি বলেন, “নির্ধারিত হারের চেয়ে অতিরিক্ত খাজনা আদায় বন্ধ না হওয়ায় আমরা বাধ্য হয়ে সোমবার থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দিয়েছি।”

ব্যবসায়ীরা অভিযোগ করেন, নির্ধারিত হারের বাইরে অতিরিক্ত খাজনা আদায়ের কারণে তারা দীর্ঘদিন ধরে ক্ষতির মুখে পড়ছেন। বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানানো হলেও কার্যকর সমাধান না হওয়ায় আন্দোলনে যেতে বাধ্য হয়েছেন তারা।

সংবাদ সম্মেলনে আরও বক্তব্য দেন বড়বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম এবং তহবাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আলাল হোসেন।

এ সময় তহবাজার ব্যবসায়ী সমিতির নির্বাহী কমিটির সদস্যসহ তহবাজারের বিভিন্ন শ্রেণির ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

ব্যবসায়ীদের ঘোষণা অনুযায়ী, সোমবার সকাল থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত মেহেরপুর বড়বাজার তহবাজারের কাঁচাবাজার অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। এতে শহরের কাঁচাবাজারে সরবরাহ ও সাধারণ ক্রেতাদের কেনাকাটায় প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে।

গাংনীতে উচ্চমাত্রার অ্যান্টিবায়োটিক দিয়ে সেকমোর প্রেসক্রিপশন

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (সেকমো) ডা. মো. রায়হান কবিরের বিরুদ্ধে রোগীর প্রেসক্রিপশনে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ ছাড়াই উচ্চমাত্রার অ্যান্টিবায়োটিক ব্যবহারের অভিযোগ উঠেছে।

সম্প্রতি জীবন মেডিকেয়ার হোম নামের একটি স্থানীয় ক্লিনিকে চিকিৎসা নিতে আসা এক রোগীর প্রেসক্রিপশনে মেরোপেনাম (Meropenem) নামের উচ্চমাত্রার অ্যান্টিবায়োটিক লিখে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে।

এ ধরনের অ্যান্টিবায়োটিক সাধারণত গুরুতর সংক্রমণের ক্ষেত্রে চিকিৎসকের বিশেষ বিবেচনায় ব্যবহার করা হয়। ফলে সাধারণ রোগীর প্রেসক্রিপশনে এটি ব্যবহারের অভিযোগে স্থানীয়ভাবে উদ্বেগ ও আলোচনা তৈরি হয়েছে।

অভিযোগের বিষয়ে ডা. মো. রায়হান কবিরের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি স্বীকার করে বলেন, “এই ধরনের অ্যান্টিবায়োটিক লেখা আমার উচিত নয়। তারপরও আমি লিখেছি, এটা আমার ভুল হয়েছে। এই ধরনের ওষুধ আমরা ব্যবহার করি না, কাউকে লিখিও না। আমার ভুলের মধ্যে এটা একটি ভুল। এর আগে আমি এ ধরনের ভুল করিনি। এই ধরনের মেডিসিন আমি একদমই লিখতে পারি না। আমার ভুল হয়েছে।”

স্বাস্থ্যসেবা সংশ্লিষ্টরা বলছেন, অপ্রয়োজনে বা ভুল নিয়মে উচ্চমাত্রার অ্যান্টিবায়োটিক ব্যবহারের ফলে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বা জীবাণুর ওষুধ প্রতিরোধী হয়ে ওঠার ঝুঁকি তৈরি হতে পারে। এতে ভবিষ্যতে সাধারণ সংক্রমণের চিকিৎসাও জটিল হয়ে পড়তে পারে।

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচএন্ডএফপিও ডা. একরামুল হক জানান, সেকমো ডা. রায়হান কবিরকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। ৩০, ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর এই তিন দিনের

মধ্যে তাঁকে নোটিশের জবাব দিতে বলা হয়েছে।

তিনি বলেন, “কোনো সেকমো বা চিকিৎসকই এ ধরনের অ্যান্টিবায়োটিক লিখতে পারেন না।”

এ বিষয়ে মেহেরপুরের সিভিল সার্জন বলেন, যেহেতু ডা. রায়হান কবিরকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে, তাই তাঁর জবাব পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে অসহায় ও দরিদ্রদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা’র উদ্যোগে অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

সংস্থার সভাপতি মো. শফিকুল ইসলাম কান্তের নির্দেশনায় সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া গ্রামে বিভিন্ন এলাকার অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

আজ রোববার (৩০ আগস্ট) বিকেলে বামনপাড়া গ্রামে এ মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করা হয়। সামাজিক দায়বদ্ধতা থেকে অস্বচ্ছল মানুষের কষ্ট লাঘব করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

সংস্থার নির্বাহী কর্মকর্তারা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত থেকে দরিদ্র মানুষের হাতে চাল, ডাল, তেল, আটা ও লবণের মতো নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী তুলে দেন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুরের সাধারণ সম্পাদক মো. রাজু হোসেন। তিনি বলেন, “সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়ানো আমাদের সবার নৈতিক দায়িত্ব। ভবিষ্যতে সমাজের বিত্তবানরা এগিয়ে এলে এ ধরনের সহায়তা কার্যক্রম আরও বড় পরিসরে পরিচালনা করা সম্ভব হবে।”

খাদ্যসামগ্রী পেয়ে স্থানীয় দুস্থ ও অসহায় মানুষেরা আনন্দ প্রকাশ

করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক ও মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার সদস্য মো. জাহারুল ইসলাম।
এ ছাড়া উপস্থিত ছিলেন সংস্থার নির্বাহী সদস্য কুলসুম খাতুন, সদস্য শেখ জাহিমাসহ অন্যান্য সদস্য।

গাংনীতে বাড়ির ছাদ থেকে পড়ে শ্রমীকের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে বসতবাড়ির ছাদে থাকা পানির ট্যাংকি পরিষ্কারের সময় ছাদ থেকে পড়ে মিলন (২৮) নামে এক শ্রমিকের মৃত্যু হয়েছে।

আজ শনিবার বেলা সাড়ে বারোটার দিকে গাংনী উপজেলার বামন্দী দাশ পাড়ার মামুন এর বসতবাড়ির দ্বিতীয় তলার ছাদ থেকে পড়ে এ দুর্ঘটনা ঘটে।

গুরুতর আহতাবস্থায় ওই ব্যক্তিকে উদ্ধার করে প্রথমে বামন্দী একটি বেসরকারি ক্লিনিকে নেয়া হয়। সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া নেয়ার পথে তার মৃত্যু হয়।

নিহত মিলন গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের নওদা মটমুড়া গ্রামের সচিনের পুত্র।

প্রত্যক্ষদর্শি শহিদুল জানান,আজ দুপুরের দিকে বামন্দী দাশপাড়ার মামুনের বাড়ির দ্বিতীয়তলায় পানির ট্যাংকি পরিষ্কাকারের জন্য মিলন ছাদে উঠে। আমরা তখন বাড়ির মধ্যে অবস্থান করি। এমন সময় আমার বাড়ির টিনের উপর বিকট শব্দে কি যেনো পড়ে। বাহিরে এসে দেখি মিলন মাটিতে পড়ে আছে। তখন স্থানীয়দের সহযোগিতাই আহত মিলনকে চিকিৎসার জন্য বামন্দীর একটি ক্লিনিকে নিয়ে যায়।

সেখান থেকে কুষ্টিয়ায় নেয়ার পথে মিলনের মৃত্যু হয়।

নওদা মটমুড়া সমাজ প্রধান আবু বক্কার বলেন,মিলন বাবা-মা হিন্দু ধর্ম অবলম্বি হলেও সম্প্রতি সময়ে সে ইসলাম ধর্ম গ্রহণ করে ছিলো।

তার মুসলিম নাম রাখা হয়েছিল মোঃ মোমিনুর রহমান। তাই পরিবারের কোন আপত্তি না থাকলে তার জানাজার নামাজ শেষে সামাজিক কবরস্থানে দাফন করা হবে ইনশাআল্লাহ।

ভবানিপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ পুলিশ উপপরিদর্শক আব্দুল করিম জানান,বাড়ির ছাদ থেকে পড়ে এক শ্রমীকের মৃত্যুর সংবাদ পেয়েছি। আমরা ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা হয়েছি।